# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ প্রকাশ্যে যিকর করার চেয়ে মনে মনে যিকর করা উত্তম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ ذِكْرَ الْعَبْدِ رَبَّهُ جَلَّ وَعَلَا بَيْنَهُ وَبَيْنَ نَفْسِهِ أَفْضَلُ مِنْ ذِكْرِهِ بِحَيْثُ يُسْمَعُ صَوْتَهُ

---

আরবী

806 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا أُسَامَةُ بْنُ زَيْدٍ أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَبِيبَةَ حَدَّثَهُ أَنَّ سَعْدَ بْنَ أَبِي وَقَّاصٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (خَيْرُ الذِّكْرِ الْخَفِيُّ وَخَيْرُ الرِّزْقِ ـ أَوِ الْعَيْشِ ـ مَا يَكْفِي) الشَّكُّ مِنِ ابْنِ وهب.

الراوي : سَعْد بْن أَبِي وَقَّاصٍ االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 806 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৮০৬. সা’দ বিন আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “উত্তম যিকর হলো সংগোপনে যিকর করা। আর উত্তম রিযক অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) উত্তম জীবিকা হলো সেটাই যা (মানুষের মৌলিক চাহিদার ক্ষেত্রে) যথেষ্ট হয়ে যায় (অর্থাৎ পরিমিত রিযক)।”[1] সন্দেহটি রাবী ইবনু ওয়াহাব থেকে এসেছে।

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৭২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য’ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে য’ঈফ বলেছেন। (আত তা’লীকুর রাগীব: ৯/৩।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন